



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪০.২০.১১০

তারিখ: ২৪ মাঘ ১৪২৭

০৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: বগুড়া জেলার বিয়াম মডেল স্কুল এন্ড কলেজের ০২ জন শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

সূত্র: মাউশি/রাজ/২০২০/১৩১৭, তারিখ-২৪/০৯/২০২০খ্রি.

বগুড়া জেলার বিয়াম মডেল স্কুল এন্ড কলেজের ০২ জন শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ করেছেন ০২ জন ছাত্রী। উক্ত বিষয়টি আঞ্চলিক পরিচালক, রাজশাহী অঞ্চল তদন্ত কার্যক্রম পরিচালনা করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত:

১. মেসেঞ্জারে রিফা তামান্নার সাথে জনাব মোঃ আব্দুল মোতালিব, প্রভাষক (ইংরেজি) এর কথোপকথনের সংযুক্ত স্ক্রীনশটের ভিত্তিতে অভিযোগের সত্যতা পাওয়া যায়। বিধি মোতাবেক তার শাস্তি হওয়া প্রয়োজন। অন্যদিকে জাফরিন কর্তৃক অভিযোগের কোন তদন্ত হয়নি এবং বিষয়টি নিয়ে অধ্যক্ষের কক্ষে সমঝোতার উদ্দেশ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছিল। এ ধরনের স্পর্শকাতর ঘটনার তৎক্ষণাৎ তদন্ত ও তার ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা বাঞ্ছনীয় ছিল।
২. জাফরিন রহমান কর্তৃক আনীত ছাত্রীদের যৌন হয়রানির অভিযোগের সত্যতা পাওয়া যায়। কর্তৃপক্ষ সঠিক সময়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ না করার ফলে পরবর্তীতে জনাব মোঃ আব্দুল মোতালিব, প্রভাষক(ইংরেজি) দ্বারা অনুরূপ ঘটনা ঘটে। জাফরিন রহমান কর্তৃক আনীত অভিযোগের সত্যতা আছে বলে প্রতীয়মান হওয়ায় জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ, প্রভাষক (বাংলা) এর বিধি মোতাবেক শাস্তি হওয়া প্রয়োজন।

বিয়াম মডেল স্কুল ও কলেজের পরিচালনা বিধিতে ৯ অনুচ্ছেদ অনুসারে শিক্ষক ও সংশ্লিষ্টদের চারিত্রিক স্ক্রলনসহ অন্যান্য বিষয়ে অপরাধ সংঘটন হলে বরখাস্তসহ অন্যান্য শাস্তির বিধান রয়েছে; ইতোমধ্যে তার কার্যক্রম শুরুর করা হয়েছে। তবে অভিযোগের সত্যতা পাওয়ায় শাস্তির বিষয়টি চূড়ান্ত করা প্রয়োজন।

আলোচ্য ঘটনার প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটিতে সরকারি বিধি-বিধানের আলোকে যৌন হয়রানি বিষয়ক অভিযোগ যাতে শিক্ষার্থীরা নিরাপদে করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার।

বর্ণিত তদন্ত কর্মকর্তার মতামতের বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য ০৫ কর্ম দিবসের মধ্যে অধ্যক্ষের মাধ্যমে উল্লিখিত দুইজন শিক্ষককে এবং মহামান্য হাইকোর্ট এর নির্দেশনা মোতাবেক কলেজে যৌন নিপীড়ন বিরোধী কমিটি সম্পর্কে বিস্তারিত তথ্য ০৫(পাঁচ) কর্মদিবস এর মধ্যে প্রেরণ করার জন্য অধ্যক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

৭-২-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

অধ্যক্ষ, বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, বগুড়া।